

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ২০, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(সিটি কর্পোরেশন-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ২৬ মাঘ ১৪২৩/০৮ ফেব্রুয়ারি ২০১৭

নং ৪৬.০৭০.০১১.০০.২৩৯.২০১২-১৭১—যেহেতু, জনাব ফরহাদ চৌধুরী, পিতা মরহুম আলাউদ্দিন চৌধুরী, ঠিকানা-মায়াবী, পশ্চিম চৌকীদেখী, থানা বিমানবন্দর, উপজেলা সদর সিলেট, পোঁও ও জেলা সিলেট, সিলেট সিটি কর্পোরেশনের সাধারণ ওয়ার্ড নং-০৬ এর নির্বাচিত কাউন্সিলর; এবং

যেহেতু, তার বিবৃদ্ধে দায়েরকৃত সিলেট মহানগরীর কোতোয়ালী মডেল থানার জি. আর মামলা নং ৩৬০/২০১২ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) মোতাবেক সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর বিবৃদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে।

সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব ফরহাদ চৌধুরী, কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং-০৬, সিলেট সিটি কর্পোরেশনকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রউফ মির্যা
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.

(১৭২৯)

মূল্য : টাকা ৮.০০